গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
E-mail: sbgc.gov.college@gmail.com
Website: www.sbgcp.edu.bd
মোবাইল: ০১৩১৯-১২৫৬৬৪

বিজ্ঞপ্তি নম্বর-১৪২/২০২৬ তারিখ: ২৫/১১/২০২৬ খ্রি.

এ কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি পাওয়ার লক্ষ্যে কলেজের **www.sbgcp.edu.bd** ওয়েবসাইটে ২৫/১১/২০২৬ তারিখে আপলোডকৃত উপবৃত্তির ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে আগামী ০৩/১১/২০২৬ তারিখের মধ্যে অফিস কক্ষ ১০১ নং রুমে জমা দেওয়ার নির্দেশ দেয়া হলো। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট **ছাত্রীদের জন্য সর্বজনীন (১০০%) উপবৃত্তি চালু** এবং ছাত্রদের জন্য বিদ্যমান পদ্ধতিতে উপবৃত্তি কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরম এর সাথে যেসকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:

১. আবেদন ফরমের উপর অবশ্যই শ্রেণি রোল, গ্রুপ (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) ও মোবাইল নম্বর লিখতে হবে।
২. শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধনের ফটোকপি (১৭ সংখ্যা)- ০১ কপি;
৩. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)- ০১ কপি করে;
৪. পিতা ও মাতা কেউ জীবিত না থাকলে অন্যান্য অভিভাবক হিসেবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-কে নির্বাচন করলে উক্ত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)- ০১ কপি;
৫. আবেদনকারী উপবৃত্তির অর্থ প্রাপ্তির মাধ্যম হিসেবে অভিভাবকের ব্যাংক একাউন্ট অথবা নিজের স্কুল ব্যাংক একাউন্ট নির্বাচন করলে উক্ত ব্যাংক একাউন্টের চেক বইয়ের উপরের পাতার ফটোকপি দিতে হবে।
৬. এসএসসি পাসের নম্বরপত্রের ফটোকপি- ০১ কপি;
৭. এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি- ০১ কপি;
৮. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার সন্তান হলে প্রমাণপত্রের ফটোকপি।
৯. আবেদনকারী নৃ-গোষ্ঠী হলে প্রমাণপত্রের ফটোকপি।
১০. আবেদনকারী জুলাইযোদ্ধা হলে গেজেটের ফটোকপি।
১১. আবেদনকারী প্রতিবন্ধী হলে প্রমাণপত্রের ফটোকপি।
১২. আবেদনকারীর অভিভাবক প্রতিবন্ধী হলে প্রমাণপত্রের ফটোকপি।
১৩. আবেদনকারী কোন দীর্ঘস্থায়ী রোগে ভুগলে তার প্রমাণপত্রের ফটোকপি।
১৪. আবেদনকারীর পরিবারের কোন সদস্য জন্মগত বা দীর্ঘস্থায়ী রোগে ভুগলে তার প্রমাণপত্রের ফটোকপি।

ব্যাংকিং একাউন্ট খোলার নিয়ম:

১. ছাত্র/ছাত্রীর নিজ নামে অথবা পিতা বা মাতার সাথে যৌথভাবে স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে অথবা পিতা বা মাতার নামে ব্যাংক একাউন্ট থাকতে হবে।
২. মোবাইল ব্যাংকিংয়ের ক্ষেত্রে পিতা বা মাতার মধ্যে যাকে অভিভাবক হিসেবে নির্বাচন করা হবে, তার জাতীয় পরিচয়পত্র (NID) দিয়ে সংশ্লিষ্ট মোবাইল নম্বরটি নিবন্ধিত থাকতে হবে এবং একই NID ব্যবহার করে উক্ত মোবাইল নম্বরে নগদ/বিকাশ/রকেট একাউন্ট খোলা থাকতে হবে।
৩. পিতা বা মাতা জীবিত না থাকলে অভিভাবক হিসাবে আপন ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী-এর যেকোন একজনকে অভিভাবক হিসেবে উল্লেখ করে তার সাথে ব্যাংকে শিক্ষার্থীর নামে যৌথ স্কুল ব্যাংকিং একাউন্ট খুলতে হবে।

২৫/১১/২০২৬
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি নং- ৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১. উপাধ্যক্ষ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৩. আহ্বায়ক, একাদশ শ্রেণির ভর্তি কমিটি: ২০২৬-২০২৭, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৪. শ্রেণিকক্ষ/নোটিশ বোর্ড/ছাত্রী কমন রুম, শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
৫. অফিস নথি।